সংবাদ

তারিখ ... 6 AUG 2009 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৫ ...

ছাত্র ইউনিয়নের সম্মেলন

# গণমুখী ও সার্বজনীন শিক্ষানীতি প্রণয়নের দাবি

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

বৈষম্যমূলক শিক্ষা ব্যবস্থা ও শিক্ষার বাণিজ্যিকীকরণ বাতিল করে "একটি গণমুখী, সার্বজনীন ও বিজ্ঞানভিত্তিক শিক্ষানীতি" প্রণয়নের দাবি জানিয়েছে ছাত্র ইউনিয়ন ঢাকা মহানগর সংসদ। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত ৩৩তম সম্মেলনে এ দাবি জানান হয়।

'দ্রোহে-প্রতিবাদে-তারুণ্যে রুখো শিক্ষাবাণিজ্য, বৈষম্য, সাম্প্রদায়িকতা, সাম্রাজ্যবাদী আগ্রাসন'- এ স্লোগানটিকে ধারণ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে সম্মেলন অনুষ্ঠিত হয়। জাতীয় সঙ্গীত ও দলীয় সঙ্গীতের মধ্য দিয়ে সম্মেলনের উদ্বোধন করেন সংগঠনের কেন্দ্রীয় সভাপতি খান

ছাত্র উনিয়ন : পৃ: ২ ক: ৬

## ছাত্র ইউনিয়ন : দাবি

(১২ পৃষ্ঠার পর)

আসাদুজ্জামান মাসুম। পরে একটি বর্ণাঢ্য র‌্যালি বের হয়। র‌্যালিটি ক্যাম্পাসের গুরুত্বপূর্ণ সড়ক পরিদর্শন করে অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশে মিলিত হয়।

ঢাকা মহানগর সভাপতি মাহমুদুর রহমান বিরলের সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি ছিলেন অধ্যাপক এমএম আকাশ। অন্যদের মাঝে বক্তব্য রাখেন কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মানবেন্দ্র দেব, নগর শাখার সহসভাপতি সুচিত্রা সরকার, সাংগঠনিক সম্পাদক ম. ইব্রাহিম শিক্ষা ও গবেষণা সম্পাদক মনজুর মইন প্রমুখ।

অধ্যাপক এম এম আকাশ বলেন, শিক্ষার মান সমুন্নত রাখতে হলে বাণিজ্যিকভাবে গজিয়ে ওঠা বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর জন্য একটি সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন করতে হবে। টাকা বিনিময়ে সার্টিফিকেট প্রাপ্তি বন্ধ করতে ছাত্র ইউনিয়নকে সুদৃঢ় অবস্থান নিতে হবে।